

## UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

## **CC7-BENGALI**

## **NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours Full Marks: 60

The figures in the margin indicate full marks.

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

**७**×8 = **\$**₹

- (ক) কোন্ বিদেশী কাব্যের প্রভাবে মধুসূদন দত্ত 'বীরাঙ্গনা' কাব্যের পরিকল্পনা করেন ? কাব্যটির এবং কবির নাম লেখো।
- (খ) 'বীরাঙ্গনা' কথাটির অর্থ কী ? এই কাব্যে মধুসুদন দত্ত যে বীর নারীদের কথা বলেছেন, তাদের নাম লেখো।
- (গ) 'সোনার তরী' কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছিলেন ? কাব্যটির প্রথম প্রকাশ কবে হয়েছিল ? কাব্যটির অন্তর্গত দৃটি প্রকৃতি-বিষয়ক কবিতার নাম লেখো।
- ্ঘ) ''ঠাই নাই, ঠাই নাই–ছোট সে তরী আমারি সোনার ধানে গিয়েছে ভরি।"
  - —উদ্ধৃত অংশটি কোন্ কবিতার অন্তর্গত ? কবির এরকম বলার অর্থ কী ? সংক্ষেপে পংক্তি দুটির অন্তর্নিহিত তাৎপর্য লেখো।
- (ঙ) 'এষা' কাব্যের প্রকাশকাল লেখো। এটি কী জাতীয় কাব্য ? 'এষা' শব্দের অর্থ কী ?
- (চ) 'এষা' কাব্যের 'শোক' পর্যায়ের ১৪ সংখ্যক কবিতার সারকথা অতি সংক্ষেপে লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

७×8 = **३**8

- (ক) পত্রকাব্য হিসেবে 'বীরাঙ্গনা' কাব্যের সার্থকতা আলোচনা করো।
- (খ) 'বীরাঙ্গনা' কাব্যের কোন্ দুটি পত্রিকায় মাতৃহাদয়ের ভাবনার প্রকাশ ঘটেছে ? পত্র দুটির মধ্যে কোথাও কোনো মৌলিক পার্থক্য আছে বলে তুমি মনে করো কি ? তোমার অভিমত দাও।
- (গ) 'এষা' কাব্যের 'মৃত্যু' পর্যায়ের ৬ সংখ্যক কবিতার ভাববস্তু আলোচনা করো।
- ্ঘ) 'মানস সুন্দরী' কবিতা অবলম্বনে সংক্ষেপে রবীন্দ্রনাথের রোমান্টিক ভাবনার পরিচয় দাও।
- (ঙ) 'পরশপাথর' কবিতাটির রচনাকাল উল্লেখ করো। কবিতাটিতে কবি জীবনের কোন্ সত্যের উত্থাপন করেছেন আলোচনা করো।
- (চ) অক্ষয়কুমার বড়ালের 'এষা' কাব্য রচনার প্রেক্ষাপটটি আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

 $2 \times 2 = 28$ 

- (ক) 'সোমের প্রতি তারা' পত্রে মধুসূদন দত্ত তারা চরিত্রের মধ্য দিয়ে যে নারী মনস্তত্ত্বের চিত্র তুলে ধরেছেন আলোচনা করো।
- (খ) 'যেতে নাহি দিব' কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর যে বিশ্বের চিরন্তন বাণী তুলে ধরেছেন আলোচনা করো।
- (গ) 'এষা' কাব্যকে শোককাব্য বলা যায় কি ? আলোচনা করো।
- ্ঘ) 'দশরথের প্রতি কেকয়ী' বীরাঙ্গনা কাব্যের কত সংখ্যক পত্র ? এই পত্রে রাজা দশরথের প্রতি কেকয়ী যে অভিযোগ তুলেছেন — আলোচনা করো।

\_\_\_\_×\_\_\_

3012